

Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 16 April, 2025

লালমনিরহাটের হাতীবান্ধা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে হাসিবুল আলম নামে এক যুবককে ধরে নিয়ে গিয়ে চোঁখে গুলি করেছে। এ ঘটনায় সীমান্ত জুড়ে উত্তেজনা বিরাজ করছে।

বুধবার (১৬ এপ্রিল) দুপুরে এ ঘটনাটি ঘটে ওই উপজেলার মধ্য সিঙ্গিমারী সীমান্তের ৮৯৪ নং মেইন পিলালের সাব ৬ এস পিলালের এর কাছে। আহত হাসিবুল আলম (২৪) ওই এলাকার জাহিদুল ইসলামের পুত্র বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, হাসিবুলসহ কয়েকজন ওই সীমান্তে বাংলাদেশী জমিতে ঘাস কাটতে যায়। এ সময় ভারতের শীতলকুচি এলাকার নগর সিঙ্গিমারী ক্যাম্পের বিএসএফ'র টহল দল বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে। ওই টহল দল বাংলাদেশে প্রবেশ করে পিছন থেকে হাসিবুলকে আটক করে ভারতের অভ্যন্তরে নিয়ে যায়। এ সময় তাকে ভারতীয় বিএসএফ'র গাড়িতে তোলার সময় চোঁখে গুলি করে। পরে তাকে কুচবিহারের একটি হাসপাতালে ভর্তি করায় বিএসএফ বলে সীমান্তের একটি সূত্র জানিয়েছেন।

এ বিষয়ে একাধিকবার যোগাযোগ করা হলেও বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কোন কথা বলতে রাজি হয়নি। তবে নাম না প্রকাশ শর্তে বিজিবির একটি সূত্র জানায়, এ ঘটনাকে কেন্দ্র করে বিজিবি বিএসএফ'র মধ্যে পতাকা বৈঠকের প্রস্তুতি চলছে।

হাতীবান্ধা থানার ওসি মাহামুদুল-নবি জানায়, সীমান্তবর্তী লোকজন তাকে জানিয়েছেন হাসিবুল নামে এক যুবককে ভারতীয় বিএসএফ সীমান্ত থেকে ধরে নিয়ে গিয়ে গুলি করেছে। এ বিষয়ে বিস্তারিত জানার চেষ্টা চলছে।

হাতীবান্ধা সীমান্ত বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:51

URL: <https://www.timestodaybd.com/public/rangpur/911576164>